



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd



২৯ বৈশাখ ১৪২৯

তারিখঃ

১২ মে ২০২২

ডিএফআইএম সার্কুলার নং-০৭

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা ও ব্যবস্থাপনায় শৃঙ্খলা নিশ্চিতকল্পে কতিপয় বিধিনিষেধ প্রসঙ্গে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ২৫(৩) ধারায় কোন ব্যক্তি একই সময়ে একাধিক আর্থিক প্রতিষ্ঠান বা একাধিক ব্যাংক কোম্পানি বা একাধিক সাধারণ বীমা কোম্পানি বা একাধিক জীবন বীমা কোম্পানির পরিচালক থাকবেন না মর্মে বিধিনিষেধ আরোপ করা হয়েছে।

০২। এফগে, আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা ও ব্যবস্থাপনায় অধিকতর শৃঙ্খলা ও সুশাসন নিশ্চিতকল্পে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে,

২.১। কোনো আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান বা পর্ষদ সদস্যগণের সমন্বয়ে গঠিত পর্ষদের সহায়ক কমিটি যথা- নির্বাহী কমিটি, অডিট কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান হিসেবে নিযুক্ত কোনো ব্যক্তি উক্ত আর্থিক প্রতিষ্ঠানের সাবসিডিয়ারি কোম্পানি বা আর্থিক প্রতিষ্ঠানের অর্থায়নে গঠিত ও পরিচালিত কোনো কোম্পানি/প্রতিষ্ঠান বা ফাউন্ডেশন এর পরিচালনা পর্ষদ বা গভর্নিং বডি, যে নামেই অভিহিত হোক না কেন, এর চেয়ারম্যান/পরিচালক/সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হতে পারবেন না।

২.২। কোনো ব্যক্তি আর্থিক প্রতিষ্ঠানের শেয়ারহোল্ডার পরিচালক বা মনোনীত/প্রতিনিধি পরিচালক বা স্বতন্ত্র পরিচালক হিসেবে ন্যূনতম ০১ বছর মেয়াদে দায়িত্ব পালন করলে উক্ত মেয়াদপূর্তি বা অবসর বা অব্যাহতির পর উক্ত ব্যক্তি কখনোই ঐ আর্থিক প্রতিষ্ঠানের নিয়মিত বা চুক্তিভিত্তিক কোনো পদে নিয়োগ/নিযুক্ত হতে পারবেন না।

০৩। অনুচ্ছেদ ২.১ এ উল্লেখ মতে কোনো ব্যক্তি এরূপ প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ/গভর্নিং বডি, যে নামেই অভিহিত হোক না কেন, এর চেয়ারম্যান/পরিচালক/সদস্য হিসেবে দায়িত্বরত থাকলে উক্ত ব্যক্তিকে আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট পদ হতে পদত্যাগ/অব্যাহতি গ্রহণের মাধ্যমে পদ শূন্য করতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়টি আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ-কে উপরে বর্ণিত সময় অতিক্রান্ত হওয়ার অব্যবহিত পরবর্তী মাসের ০৭ কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অবহিত করতে হবে।

০৪। অনুচ্ছেদ ২.২ এ উল্লেখ মতে আর্থিক প্রতিষ্ঠানে এরূপ কোনো নিয়োগ প্রদান করা হয়ে থাকলে আগামী ৩১ জুলাই ২০২২ তারিখের মধ্যে উক্ত ব্যক্তি/ব্যক্তিগণ সংশ্লিষ্ট পদ হতে পদত্যাগ/অব্যাহতি গ্রহণের মাধ্যমে পদ শূন্য করতঃ বিষয়টি আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ-কে উপরে বর্ণিত সময় অতিক্রান্ত হওয়ার অব্যবহিত পরবর্তী মাসের ০৭ কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অবহিত করতে হবে।

০৫। এই সার্কুলার জারির অব্যবহিত পরবর্তী পরিচালনা পর্ষদের সভায় সার্কুলারের বিষয়বস্তু উপস্থাপন করতঃ এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৬। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮